20 AUG 2016
তারিখ ২০ AUG 2016
পৃষ্ঠা ১৮ কলাম ৬

দৈনিক জনকণ্ঠ

### বরিশাল বিশ্ববিদ্যালয়

# শিক্ষক সমিতির সভাপতিসহ চার সদস্যের পদত্যাগ

**স্টাফ রিপোর্টার, বরিশাল ॥** জাতীয় শোক দিবসে কোন কর্মসূচী গ্রহণ না করায় এবং শিক্ষক সমিতির সাধারণ সভায় অসৌজন্যমূলক আচরণের অভিযোগে অন্য সদস্যদের অনাস্থার প্রেক্ষিতে পদত্যাগ করতে বাধ্য হয়েছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতিসহ চার সদস্য। বৃহস্পতিবার রাতে ওই চার সদস্য বিজ্ঞান অনুষদের ডিন ড. হাসিনুর রহমানের কাছে পদত্যাগপত্র জমা দিয়েছেন।

পদত্যাগকারীরা হলেন- বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি ইংরেজী বিভাগের সহকারী অধ্যাপক আরিফ হোসেন, তার অনুসারী সহ-সভাপতি অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক জ্যোর্তিময় বিশ্বাস, কার্যকরী সদস্য লোকপ্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক রাশেদ মোশাররফ ও হিসাববিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক সুজন চন্দ্র পাল।

গত জানুয়ারি মাসে দায়িত্ব গ্রহণের সাত মাসের ব্যবধানে তারা পদত্যাগ করেন। এর আগে দায়িত্ব গ্রহণের তিন মাসের ব্যবধানে শিক্ষক সমিতির আরও চার কার্যকরী সদস্য পদত্যাগ করেছিলেন।

বৃহস্পতিবার বিকেল থেকে রাত সাড়ে আটটা পর্যন্ত অনুষ্ঠিত সভায় অংশগ্রহণকারী সূত্রে জানা গেছে, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সভা কর্ণকাঠীর প্রধান ক্যাম্পাসের হলরুমে অনুষ্ঠিত হয়। সভায় ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে কালোব্যাজ ধারণ না করাসহ ওই দিন কোন কর্মসূচী গ্রহণ না করায়, এমনকি বৃহস্পতিবারের সভায়ও কালোব্যাজ ধারণ না করায় সমিতির সদস্যরা সভাপতির কাছে কৈফিয়ত চান। এ সময় সভাপতি রেগে গিয়ে শিক্ষকদের অশ্লীল ভাষায় গালিগালাজ করেন। একপর্যায়ে সভাপতি আরিফ বঙ্গবন্ধু হলের প্রভোস্ট মার্কেটিং বিভাগের সহকারী অধ্যাপক আব্দুল কাউয়ুম, গণিত বিভাগের সহকারী অধ্যাপক বিশ্ববিদ্যালয়ের প্রক্টর শফিউল আলম এবং সমাজবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক তারেক মাহমুদ আজিজকে মারতে তেড়ে যান।

পরে শিক্ষক সমিতির অন্য সদস্যদের চাপের মুখে পদত্যাগ করতে বাধ্য হন তিনি। একই সঙ্গে পৃথক আবেদনে পদত্যাগ করেন সমিতির সহ-সভাপতি এবং অপর দুই কার্যকরী সদস্য। সভা শেষে ওই দিন রাতেই সভাপতিসহ চার সদস্য বিজ্ঞান অনুষদের ডিন ড. হাসিনুর রহমানের কাছে পদত্যাগপত্র জমা দিয়েছেন।

পদত্যাগপত্র জমা দেয়ার সত্যতা স্বীকার করে আরিফ হোসেন বলেন, গবেষণা কার্যক্রমে মনোনিবেশ করার জন্য ব্যক্তিগত কারণে তিনি পদত্যাগ করেছেন। সহ-সভাপতি এবং অপর দুই কার্যকরী সদস্যও একই কারণে পদত্যাগপত্র জমা দিয়েছেন বলেও তিনি উল্লেখ করেন।